

এসএমই ঋণ ব্যবসাকে আরও গতিশীল করছে

■ সমকাল প্রতিবেদক

এসএমই ঋণ ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসাকে আরও গতিশীল করছে। তাদের সামাজিক-অর্থনৈতিক জীবনমানকে উন্নত করে এবং পরিবেশ সচেতনতায়ও প্রভাব রাখে। বাংলাদেশের এসএমই ব্যাংক ব্র্যাক ব্যাংকের ওপর এক সমীক্ষায় এ তথ্য পাওয়া গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর করপোরেট গভার্নেন্স অ্যান্ড ফাইন্যান্স স্টাডিস এসএমই গ্রাহকদের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা

করে। গবেষণায় ব্র্যাক ব্যাংকের এসএমই গ্রাহকদের আর্থসামাজিক অবস্থানের নানা দিক বিশদভাবে পর্যালোচনা করা হয়েছে। সামাজিক মূল্যবোধভিত্তিক ব্যাংকগুলোর আন্তর্জাতিক সংগঠন গ্লোবাল অ্যালায়েন্স ফর ব্যাংকিং অন ভ্যালুজ (জিএবিভি) এই গবেষণার উদ্যোগ নেয়। এশিয়া, লাতিন আমেরিকা, উত্তর আমেরিকা ও ইউরোপের ২২টি টেকসই ব্যাংক এ সংগঠনের সদস্য। সম্প্রতি বার্লিনে অনুষ্ঠিত জিএবিভির সম্মেলন এই সমীক্ষা উপস্থাপন করা

হয়। এই বিশ্ব ফোরামে দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে একমাত্র প্রতিনিধি ব্যাংক হচ্ছে ব্র্যাক ব্যাংক লিমিটেড।

গবেষণায় বলা হয়, ব্র্যাক ব্যাংকের ঋণ কার্যক্রম এসএমই গ্রাহকদের ব্যবসায়িক, পরিবেশ সচেতনতা ও সামাজিক-অর্থনৈতিক

ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন নিয়ে এসেছে। একাধিকবার ঋণ নেওয়া গ্রাহকদের লাভের হার বেড়েছে এবং একইসঙ্গে বেড়েছে রিটার্ন অন অ্যাসেট, যা ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসার তেজিভাবে

নির্দেশ করে। গবেষণায় আরও পাওয়া গেছে যে, ব্র্যাক ব্যাংক থেকে ঋণ নেওয়ার পর উদ্যোক্তাদের আয় ও সঞ্চয় বেড়েছে। ব্র্যাক ব্যাংক ব্যবসায়ীদের মুনাফা পুনর্বিনিয়োগের মাধ্যমে ব্যবসা সম্প্রসারণে উৎসাহিত করেছে।

ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব সৈয়দ মাহবুবুর রহমান বলেন, গবেষণার মাধ্যমে ব্যবসায় এসএমই ঋণের ইতিবাচক প্রভাব প্রমাণিত হয়েছে।



BRAC BANK

ব্র্যাক ব্যাংকের ওপর
সমীক্ষার তথ্য